কৃষিই সমৃদ্ধি

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষিভবন
৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
(বীজ বিতরণ বিভাগ)

স্মারক নং- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০৩৮.২১- ১২৮৮ তারিখ ঃ ১৮ এপ্রিল ২০২২ খ্রি.।

### অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ৩০ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর ২০২১-২২ অর্থ বছরের তৃতীয় সাধারণ পর্ষদ সভায় বিএডিসি'র বিদ্যমান বীজ ডিলার নিয়োগ পদ্ধতি ও শর্তাবলি'র কয়েকটি ধারার সংশোধনি অনুমোদন করা হয়েছে।

সংশোধিত ও অনুমোদিত বীজ ডিলার নিয়োগ পদ্ধতি ও শর্তাবলি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো। উক্ত সংশোধিত বীজ ডিলার নিয়োগ পদ্ধতি ও শর্তাবলি অত্র আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং ইতঃপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত ধারা ও শর্তাবলি বাতিল বলে গণ্য হবে।

সংযুক্ত ঃ বর্ণনা মোতাবেক।

১৮.০৪.২০২২
প্রদীপ চন্দ্র দে
(পরিচিতি নং-০২০১০৪)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১। মহাব্যবস্থাপক (বীজ/পাটবীজ/এএসসি/উদ্যান/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২। সচিব, বিএডিসি, ঢাকা।
৩। প্রধান (মনিটরিং/পরিকল্পনা), বিএডিসি, ঢাকা।
৪। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি/বীপ্রস/খামার/কঃগ্রোঃ/সিডিপি ক্রপস), বিএডিসি, ঢাকা।
৫। প্রকল্প/কর্মসূচি/যুগ্ম পরিচালক (বীউ/ডাল ও তৈলবীজ/সবজি বীজ/বীআমক/গবেষণা সেল/মামবীজউপ্রবিপ্র/জীপ্রকৃবীউবমানিপ্র/মাবিআউকৃবিপ্র/সুবর্ণচর), বিএডিসি, ঢাকা।
৬। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ...................... (সকল)।
৭। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৮। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ...................... (সকল)।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১০। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

প্রধান (মনিটরিং), বিএডিসি
☐ যুপ্র ☐ ব্যবস্থাপক
☐ উপ্র-১/২ ☑ প্রোগ্রামার
☐ সপ্রক-১/২ ☐ সব্যক-১/২/৩
অন্যান্য :
ডায়েরী নং- ৩৬০
তাং- ১৯/৪/২২
প্রধান (মনিটরিং)

১৮/০৪/২২
ড. মোঃ রেজাউল করিম
(পরিচিতি নং-০২০১০৬)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বিএডিসি, ঢাকা।

# বীজ ডিলার নিয়োগ পদ্ধতি ও শর্তাবলি'র সংশোধনি

<table>
<tr><th>ধারা</th><th>বর্তমান পদ্ধতি ও শর্তাবলি</th><th>সংশোধিত পদ্ধতি ও শর্তাবলি</th></tr>
<tr><td>খ</td><td>নিয়োগের নিয়মাবলি:</td><td></td></tr>
<tr><td>খ (১)</td><td>প্রতি ইউনিয়নে কমপক্ষে ০১ (এক) জন করে উপজেলা ভিত্তিক ডিলার সংখ্যা হবে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) জন।</td><td>বর্তমান পদ্ধতি ও শর্তাবলি অপরিবর্তিত থাকবে।</td></tr>
<tr><td>খ (২)</td><td>ইতঃপূর্বে যেসব উপজেলায় ২৫(পঁচিশ) জনের বেশি ডিলার নিয়োগ দেয়া হয়েছে তা বলবৎ থাকবে। তবে কোন কারণে উক্ত উপজেলার কোন বীজ ডিলারের লাইসেন্স বাতিল হলে বা নবায়ন না হলে সেক্ষেত্রে মোট ডিলারের সংখ্যা ২৫ (পঁচিশ) জনের নিচে না হওয়া পর্যন্ত নতুন নিয়োগ দেয়া যাবে না।</td><td>যে সকল উপজেলায় ২৫ (পচিঁশ) জনের বেশি বীজ ডিলার রয়েছে তা বলবৎ থাকবে।<br>তবে বীজ বিক্রি বৃদ্ধি/ত্বরান্বিত করার জন্য ২৫ (পচিঁশ) জনের অধিক ডিলার নিয়োগের প্রয়োজন হলে বীজ বিক্রির পরিমাণ অনুযায়ী উপজেলা গুলোকে ৪ (চার) টি ক্যাটাগরিতে ভাগ করে প্রয়োজনীয় বীজ ডিলার সংখ্যা নির্ধারণ করতে হবে। ২৫ (পচিঁশ) জনের অতিরিক্ত সংখ্যক বীজ ডিলার বিএডিসি'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সদস্য পরিচালকগণ, সচিব ও মহাব্যবস্থাপক (বীজ) এর সমন্বয়ে গঠিত কমিটি'র অনুমোদনক্রমে নিয়োগ দেয়া যাবে।
<table>
<tr><th>ক্র. নং</th><th>ক্যাটাগরি</th><th>বীজ বিক্রির পরিমাণ (মে. টন)</th><th>সর্বোচ্চ বীজ ডিলারের সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>এ</td><td>≤৩০০</td><td>৩০</td></tr>
<tr><td>২</td><td>বি</td><td>৩০১-৪০০</td><td>৩৩</td></tr>
<tr><td>৩</td><td>সি</td><td>৪০১-৫০০</td><td>৩৫</td></tr>
<tr><td>৪</td><td>ডি</td><td>>৫০০</td><td>৪২</td></tr>
</table></td></tr>
<tr><td>খ (৩)</td><td>প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক (বীজ বিপণন)গণ বীজ ডিলার নিয়োগ কার্যক্রম শুরু করবেন এবং ৩১ আগস্ট এর মধ্যে নিয়োগ চূড়ান্ত করবেন।</td><td>প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে এর মধ্যে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক (বীজ বিপণন) বীজ ডিলার নিয়োগ কার্যক্রম শুরু করবেন এবং ৩১ আগস্ট এর মধ্যে নিয়োগ চূড়ান্ত করবেন। তবে ২০২১-২২ বছরের ক্ষেত্রে সংশোধিত প্রস্তাব অনুমোদনের আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে বীজ ডিলার নিয়োগ প্রদান করা যাবে।</td></tr>
<tr><td>খ (৪)</td><td>বীজ ডিলার নিয়োগের আবেদন পত্রগুলো সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক/সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন) কর্তৃক আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন ও যাচাই-বাছাই করে বৈধ আবেদন পত্রগুলো স্থানীয় ডিলার নিয়োগ কমিটি'র নিকট উপস্থাপন করবেন:
<table>
<tr><td>i)</td><td>সংশ্লিষ্ট যুগ্মপরিচালক (বীজ বিপণন)</td><td>-</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>ii)</td><td>উপপরিচালক (বীজ বিপণন)</td><td>-</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>iii)</td><td>কৃষি পুলের (যেকোন বিভাগের) ০১ জন উপপরিচালক</td><td>-</td><td>সদস্য</td></tr>
<tr><td>iv)</td><td>সিনিয়ন সহকারী পরিচালক (বীজ বিপণন) / অনুপস্থিতিতে অন্য একজন কর্মকর্তা</td><td>-</td><td>সদস্য</td></tr>
</table>
স্থানীয় কমিটি'র সদস্যবৃন্দ উপস্থাপিত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে বীজ ডিলার নিয়োগ চূড়ান্ত করবেন।</td><td>বর্তমান পদ্ধতি ও শর্তাবলি অপরিবর্তিত থাকবে।</td></tr>
<tr><td>খ (৬)</td><td>নিয়োগপ্রাপ্ত সকল ডিলারকে প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে নির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ফি প্রদানের মাধ্যমে লাইসেন্স নবায়নের কাজ শেষ করতে হবে। তবে ৩১ আগস্ট পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা বিলম্ব ফি সহ মোট ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদানের মাধ্যমে লাইসেন্স নবায়ন করা যাবে। ৩১ আগস্ট ছুটির</td><td>নিয়োগপ্রাপ্ত সকল ডিলারকে প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে নির্ধারিত ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ফি প্রদানের মাধ্যমে লাইসেন্স নবায়নের কাজ শেষ করতে হবে। তবে ৩১ আগস্ট পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা বিলম্ব ফি সহ মোট ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদানের মাধ্যমে লাইসেন্স নবায়ন করা যাবে। ৩১ আগস্ট ছুটির দিন হলে পরবর্তী অফিস খোলার দিনই নবায়ন শেষ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন</td></tr>
</table>

| ধারা | বর্তমান পদ্ধতি ও শর্তাবলি | সংশোধিত পদ্ধতি ও শর্তাবলি |
|---|---|---|
| | দিন হলে অফিস খোলার দিনই নবায়ন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন করতে ব্যর্থ হলে ডিলার লাইসেন্স বাতিল বলে গণ্য হবে। | করতে ব্যর্থ হলে ডিলার লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।<br><br>তবে বিএডিসি'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সদস্য পরিচালকগণ, সচিব ও মহাব্যবস্থাপক (বীজ) এর সমন্বয়ে গঠিত কমিটি'র সিদ্ধান্তক্রমে যৌক্তিক বিবেচনায় নবায়ন করা যাবে। |
| খ (৮) | কোন ডিলার মারা গেলে অথবা মালিকানা পরিবর্তন করতে চাইলে নিয়ম অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে (ওয়ারিশান সার্টিফিকেট ও এফিডেভিট এর মাধ্যমে সংশ্লিষ্ট উপপরিচালক (বীজ বিপণন) এর দপ্তর থেকে উক্ত কাজ সম্পন্ন করা যাবে) | কোনো বীজ ডিলার মারা গেলে, অতিরিক্ত বৃদ্ধ হয়ে গেলে, শারীরিকভাবে ব্যবসা পরিচালনা করতে অক্ষম হলে বা মানসিক ভারসাম্যহীন হলে শুধু ওয়ারিশগণের মধ্যে ডিলার লাইসেন্সের মালিকানা হস্তান্তরযোগ্য হবে। ওয়ারিশগণের সংখ্যা একাধিক হলে ব্যবসা পরিচালনার জন্য ওয়ারিশগণের পক্ষ থেকে একজনকে মনোনয়ন দিতে হবে। মনোনয়নের ক্ষেত্রে ওয়ারিশগণের মধ্যে সমঝোতা না হলে বীজ ডিলার লাইসেন্স বাতিল বলে গণ্য হবে। বীজ ডিলার লাইসেন্স পাওয়ার জন্য আবেদনকারী ও ওয়ারিশানের বয়স সর্বনিম্ন ২৫ (পচিঁশ) বছর হতে হবে। স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সার্টিফিকেটের ভিত্তিতে সংশ্লিষ্ট উপপরিচালক (বীজ বিপণন) দপ্তর থেকে উক্ত কাজ সম্পন্ন করা যাবে। |
| গ | **আবেদনের নিয়মাবলি:** | |
| | আবেদনের নিয়মাবলি: বীজ ডিলার হতে ইচ্ছুক ব্যক্তি ২০০/-(দুইশত) টাকার বিনিময়ে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক (বীজ বিপণন) দপ্তর হতে নির্ধারিত ফরম সংগ্রহ করবে। | বীজ ডিলার হতে ইচ্ছুক ব্যক্তি ৫০০/-(পাঁচশত) টাকার প্রসেসিং ফি এর বিনিময়ে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক (বীজ বিপণন) দপ্তর হতে নির্ধারিত ফরম সংগ্রহ করবে। |
| ঘ | **বীজ ডিলারের অবশ্য পালনীয় শর্তাদি:** | |
| ঘ (১) | বীজ ডিলারগণকে বরাদ্দকৃত নিয়ন্ত্রিত ফসল বীজ (ধান, গম, আলু ও পাট ছাড়াও ডাল ও তৈল জাতীয় বীজ, সবজি, ভুট্টা ইত্যাদি বীজসহ) প্রতিবছর কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার বীজ উত্তোলন করতে হবে। তবে নোয়াখালী, বরিশাল, পটুয়াখালী এবং পার্বত্য অঞ্চলে বীজ ডিলারগণকে প্রতিবছর কমপক্ষে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বীজ উত্তোলন করতে হবে। উল্লেখ্য যে, সবজি, পাট, ডাল ও তৈল জাতীয় বীজসহ বৎসরে কমপক্ষে ০৫ (পাঁচ) টি ফসলের বীজ উত্তোলন না করলে লাইসেন্স নবায়নের জন্য বিবেচিত হবে না। তবে অঞ্চলে বীজের বরাদ্দ, প্রাপ্যতা ও বাস্তবতার আলোকে বিষয়টি কার্যকর হবে। | বর্তমান পদ্ধতি ও শর্তাবলি অপরিবর্তিত থাকবে। |